সিলেট-৩ আসনের উপ-নির্বাচন স্থগিতের জন্য সিইসিকে লিগ্যাল নোটিশ

চেম্বার ডেস্ক:: সিলেট-৩ আসনের উপ-নির্বাচন স্থগিতের জন্য প্রধান নির্বাচন কমিশনার কেএম নুরুল হুদাকে লিগ্যাল নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের পাঁচ আইনজীবী। তাদের পক্ষে আইনজীবী মোহাম্মদ শিশির মনির এ নোটিশ পাঠিয়েছেন। আগামী ২৮শে জুলাই এ নির্বাচন হওয়ার কথা রয়েছে। নোটিশে বলা হয়, প্রধান নির্বাচন কমিশনার বলেছেন, সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে চলমান লকডাউনেও নির্বাচন স্থগিত রাখা সম্ভব নয়।

সংবিধানের সংশ্লিষ্ট অনুচ্ছেদ উল্লেখ করে লিগ্যাল নোটিশে বলা হয়, কার্যত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৩ এর দফা ৪ শর্তানুসারে সিলেট উপ-নির্বাচন অনুষ্ঠানের সময়সীমা ২০২১ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখ পর্যন্ত। তাই ২৮শে জুলাই অনুষ্ঠিতব্য নির্বাচন স্থগিত করা যাবে না এই বক্তব্য আইনের সঠিক ব্যাখ্যা নয়। বাংলাদেশ নির্বাচন কমিশনের উচিত চলমান করোনা ভাইরাস সংক্রমণ বৃদ্ধি বিবেচনায় নিয়ে লকডাউনের সময়ে নির্বাচন না করা এবং ৭ই সেপ্টেম্বরের মধ্যে অন্য যেকোন দিন ভোটগ্রহণের দিন নির্ধারণ করা। ৩ লাখ ৫২ হাজার ভোটারের এই নির্বাচন অনুষ্ঠান সরকারের বর্তমান লকডাউন নীতিরও বিরোধী। ২৮শে জুলাই নির্বাচন অনুষ্ঠানের বাধ্যবাধকতা না থাকায় ভোটগ্রহণ স্থগিতের অনুরোধ জানাচ্ছি।

অন্যথায় আমরা উচ্চ আদালতের শরণাপন্ন হতে বাধ্য হবো। যে আইনজীবীদের পক্ষ থেকে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে তারা হলেন-মো. মুজাহিদুল ইসলাম, আল রেজা মো. আমির, মো. জোবায়দুর রহমান, মো. জহিরুল ইসলাম এবং মুস্তাফিজুর রহমান।